

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারে কার্যালয়
মেহেরপুর।
www.dpe.meherpur.gov.bd

স্মারক নং-জেপ্রাশিঅ/মেহের/১৩৭২/১৬

তারিখ: ২৬/০৩/২০১৮ খ্রিঃ।

বিষয়: অত্র মেহেরপুর জেলাধীন গাংনী উপজেলার নওয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোহাঃ হাফিজুর রহমান কর্তৃক শিক্ষার্থীকে যৌন নির্যাতন বিষয়ে জাতীয় ও স্থানীয় পত্রপত্রিকায় প্রকাশিত প্রতিবেদন সম্পর্কে গৃহীত ব্যবস্থার প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়কে সবিনয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় "দৈনিক মাথাভাঙ্গা" পত্রিকায় গত ২১/০৩/২০১৮ খ্রিঃ তারিখে বর্ণিত শিক্ষককে ঘিরে যৌন নির্যাতন বিষয়ে প্রতিবেদন প্রকাশিত হয়। তৎপূর্বেই মৌখিকভাবে বিভিন্ন সূত্র থেকে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারী তথ্য প্রাপ্ত হয়ে অত্র দপ্তর স্মারক নং- ৩৪৯ তারিখ: ২০/৩/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেন। তদন্ত কমিটিকে ০১ (এক)দিনের মধ্যে তদন্ত সম্পন্ন করে প্রতিবেদন দিতে বলা হয়। ইতোমধ্যে বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা মহোদয়কে টেলিফোনে বিষয়টি জানানো হয়। তিনিও তদন্ত কমিটি গঠনের জন্য বলেন। তদন্ত কমিটি পরদিন ২১/০৩/২০১৮ খ্রিঃ তারিখ গাংনী উপজেলার নওয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গমন করেন এবং ঐ দিন ২১/০৩/২০১৮ খ্রিঃ তারিখ অপরাহ্নে অত্রদপ্তরে ফিরে এসে তদন্ত বিষয়ে মৌখিক বিবরণ দেন। তদন্ত বিষয়ে আরো সময় প্রয়োজন মর্মে কমিটির সদস্যবৃন্দ জানান। কমিটির মতামতের গুরুত্ব বিবেচনা করে সময় বাড়ানো হয় এবং পরিস্থিতি শান্ত করার নিমিত্ত বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা মহোদয়ের নিকট বর্ণিত শিক্ষকের বদলির প্রস্তাব প্রেরণ করা হয়। ইতোমধ্যে বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা মহোদয় স্মারক নং-১৯৬/৬ তারিখ: ২৫/০৩/২০১৮ খ্রিঃ মূলে বর্ণিত শিক্ষকের প্রশাসনিক বদলির আদেশ জারী করেন। গত ২৫/০৩/২০১৮ খ্রিঃ তারিখ "দৈনিক প্রথম আলো" পত্রিকায় এ বিষয়ে উপসম্পাদকীয় কলাম প্রকাশিত হওয়ায় অত্র দপ্তরের একজন সিনিয়র কর্মকর্তাকে সন্নিবেশ করে গত ২৫/০৩/২০১৮ খ্রিঃ তারিখ তদন্ত কমিটি পুনঃগঠন করা হয় এবং আগামী ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য বলা হয়।

নিম্নস্বাক্ষরকারী অদ্য ২৬/০৩/২০১৮ খ্রিঃ তারিখ উপজেলা শিক্ষা অফিসার, গাংনী ও একজন সহকারী উপজেলা শিক্ষা অফিসারসহ বর্ণিত বিদ্যালয়ে সরেজমিনে গমন করেন। তাৎক্ষণিকভাবে ১০/১২ জন অভিভাবক ও ৬০/৬২ জন মহিলার সঙ্গে মতবিনিময় করেন। তাঁরা বর্ণিত শিক্ষকের কার্যকলাপ সন্তোষজনক বলে মত প্রকাশ করেন। এস.এম.সি'র সভাপতিও অনুরূপ মতামত ব্যক্ত করেন। পিটিএ কমিটির সভাপতি যৌন নির্যাতনের সত্যতা আছে মর্মে জানান। সহকারী শিক্ষক জনাব নাসরিন নাহার, শ্রেণি শিক্ষক, ৫ম শ্রেণি যৌন নির্যাতনের সত্যতা আছে মর্মে মত প্রকাশ করেন। ইতোমধ্যে বর্ণিত এলাকার ইউপি চেয়ারম্যান সেখানে উপস্থিত হলে বিদ্যালয়ের দপ্তরী নিয়োগ বিষয়ে বাদানুবাদ ও হট্টগোল শুরু হয়। বর্ণিত শিক্ষক বিষয়ে উপজেলা শিক্ষা অফিস, গাংনী ও অত্রদপ্তরে যৌন নির্যাতন বিষয়ে অদ্যাবধি কোন লিখিত অভিযোগ নেই। গঠিত তদন্ত কমিটি নিবিড়ভাবে তদন্ত কার্যক্রম পরিচালনায় প্রকৃত সত্য বেরিয়ে আসবে। অতঃপর তদন্ত প্রতিবেদন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ইহা মহোদয়ের সদয় বিবেচনার জন্য প্রেরণ করা হলো।

প্রাপক :

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহাপরিচালকের দপ্তর	
অতিরিক্ত মহাপরিচালক	<input type="checkbox"/>
পরিচালক (প্রশাসন)	<input type="checkbox"/>
পরিচালক (শেখ ও সফটওয়্যার)	<input type="checkbox"/>
পরিচালক (পেপার ও বপারগণন)	<input checked="" type="checkbox"/>
পরিচালক (সি.সি.সি.)	<input type="checkbox"/>
পরিচালক (সি.সি.সি. ও হিসাব)	<input type="checkbox"/>
পরিচালক (পেপার ও সফটওয়্যার)	<input type="checkbox"/>
পরিচালক (সি.সি.সি. ও হিসাব)	<input type="checkbox"/>
পরিচালক (সি.সি.সি. ও হিসাব)	<input type="checkbox"/>
পরিচালক (সি.সি.সি. ও হিসাব)	<input type="checkbox"/>
প্রকল্প পরিচালক	<input type="checkbox"/>
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/>
উপপরিচালক	<input type="checkbox"/>
সহকারী পরিচালক	<input type="checkbox"/>

মোঃ জেহের আলী
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মেহেরপুর।
dpeomeher@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ,
- ৩। অফিস নথি।

স্বাক্ষরিত
উপজেলা শিক্ষা অফিসার
গাংনী, মেহেরপুর।
২৬/৩/১৮